**বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন**
**আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।**

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৪০তম (২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ) সভার কার্যবিবরণী।**

৩০ জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব জনাব শাহ্ মোমিন এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা নিম্নরূপ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | জনাব মোঃ শাহীন কামাল | পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২. | জনাব এস.এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক, হিসাব বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩. | প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ | প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪. | জনাব মোঃ মেফতাউল ইসলাম | মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫. | জনাব কাজী আশরাফুল ইসলাম | মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬. | জনাব ইদি আমিন সরকার | অতিরিক্ত প্রধান প্রকৌশলী(যান্ত্রিক), প্রকল্প বাস্তবায়ন বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭. | জনাব মোঃ আমিরুল ইসলাম | সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় পারস্পরিক ধন্যবাদ জ্ঞাপণের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, ইনোভেশন বলতে বোঝায় ইনোভেটিভ আইডিয়া যতটুকু আমাদের সামর্থ্যের মধ্যে আছে। তিনি আরো জানান যে, স্মার্ট বাংলাদেশ করতে হলে আমাদের সিস্টেম স্মার্ট করতে হবে। এটিকে মূলমন্ত্র রেখে আমরা সাইন্টিফিক্যালি যে যে সেক্টরে আছে ভালো ইনোভেটিভ আইডিয়া করতে পারি যা চ্যালেঞ্জকে প্রসপেক্ট হিসেবে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে। তিনি সভা শুরু করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিবকে অনুরোধ করেন। জনাব মোঃ আমিরুল ইসলাম, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব গত ১৪ ডিসেম্বর, ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত ইনোভেশন কমিটির ৩৯তম (২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য়) সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য অনুরোধ করেন। কোন সংশোধনী না থাকায় সভাপতি মহোদয় কার্যবিবরণী অনুমোদন করেন। তিনি জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক ছিল নিম্নোক্ত ৭টি ধারণা নিয়ে একটি শোকেসিং টিএসপিসিএল সার কারখানা, পতেঙ্গা, চট্টগ্রামে করতে হবে:

১। টিএসপিসিএল এর সালফিউরিক এসিড প্ল্যান্ট নং -২ এ স্ক্রাবার স্থাপন।
২। টিএসপিসিএল এর ফসফরিক এসিড প্ল্যান্টে জিরো ডিসচার্জ সিস্টেম চালু করা।
৩। বিসিআইসি'র সকল কারখানার Important equipment, instruments এবং pipeline মেরামত সংক্রান্ত Job history সংরক্ষণ করা।
৪। এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন।
৫। জেএফসিএল এর 3D Printing Technology ব্যবহারের মাধ্যমে High Voltage Panel (6.6kv) এ ব্যবহৃত অকেজো 86 Lockout Relay সমূহ পুন:ব্যবহার যোগ্য করে তোলা।
৬। এসএফসিএল এর ইউরিয়া ও এ্যামোনিয়া প্ল্যান্ট থেকে সরবরাহকৃত Process Condensate লাইনে ওয়াটার কুলার স্থাপন করা।
৭। টিএসপি কমপ্লেক্স এর এসএ-২ প্ল্যান্টের সেকেন্ড ইকনোমাইজার আউটলেট গ্যাসের তাপমাত্রা নিয়ন্ত্রণ, ডেমি ওয়াটার ড্রেনরোধসহ মাল্টিপল বেনিফিট অর্জন।

শোকেসিং সম্পন্ন করার জন্য নিম্নরূপভাবে একটি কমিটি করা হয়েছে:

১। জনাব মো: শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সভাপতি
২। প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩। প্রকৌ. সেন সুখেন চন্দ্র, ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি -সদস্য
৪। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৫। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য সচিব

চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনা করে আগামী ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে ৭টি ধারণা নিয়ে শোকেসিং টিএসপিসিএল সার কারখানাতে করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.০ সভাপতি মহোদয় বলেন সকল কারখানার ওয়েবসাইট হালনাগাদ করতে হবে। ওয়েবসাইট হালনাগাদ হচ্ছে কিনা তিনি জানতে চান। তিনি বলেন ওয়েবসাইট আপডেট অর্থাৎ প্রগ্রেসটা কতটুকু হয়েছে। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ বলেন সম্প্রতি বিসিআইসি'র তথ্য বাতায়ন হালনাগাদকরণ ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর'২৩) প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আপডেট শুরু হয়েছে এবং ত্রৈমাসিক প্রতিবেদন আমরা মন্ত্রণালয়ে প্রেরণ করেছি। সভাপতি মহোদয় বলেন কোন প্রতিষ্ঠানের গেটওয়ে হচ্ছে ওয়েবসাইট। আইসিটি প্রতিদিন নিয়মিত ওয়েবসাইটের বাটনগুলোতে ক্লিক করে দেখবেন এবং নিশ্চিত করবেন যে যথাযথভাবে ওয়েবে পোর্টাল আপডেট করা হয়েছে। তিনি আরো জানান যে, জাতীয় তথ্য বাতায়ন আমাদের সরকারিভাবে একমাত্র ন্যাশনাল ওয়েব পোর্টাল। এটা রেফারেন্স দিতে পারেন সব জায়গায়। এটার রেফারেন্স দিলে কোন প্রশ্নের সম্মুখীন হতে হবে না। কারখানার ওয়েবসাইটে ঢুকবেন, সেখানে প্রত্যেকটি বাটনে ক্লিক করবেন, বাটন ক্লিক করার পর দেখবেন কি তথ্য আছে। কি তথ্য আপডেট করতে হবে। তিনি বলেন আপডেট করার জন্য সংশ্লিষ্ট কারখানার এমডির প্রত্যয়ন থাকতে হবে।

প্রধান প্রকৌশলী বলেন কারখানা পর্যায়ে ক্রয় প্রক্রিয়াকরণ নোটিশগুলো ওয়েবসাইটে দেয়া হয়। কারখানা পর্যায়ে টেন্ডার, এনওসি, কারখানা সংশ্লিষ্ট তথ্য ওয়েবসাইটে আসে না। জনাব মোঃ শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি বলেন সবকিছু ওয়েবসাইটে থাকতে হবে এবং প্রতি দিনের আপলোডের জন্য তথ্য প্রতি দিন ওয়েবসাইটে আপলোড দিতে হবে। তিনি বলেন বিসিআইসি যেভাবে তথ্যগুলো দেয়া সেগুলো কারখানার ওয়েবসাইটেও দিতে হবে। সভাপতি মহোদয় পরিচালক(উৎপাদন ও গবেষণা) এর মতামতের সাথে একমত পোষণ করে বলেন আগামী ১৫ দিনের মধ্যে কারখানার ওয়েবসাইট আপডেট করতে হবে। সভাকে অবহিত করেন যে, ডি-নথির ডিসেম্বর, ২০২৩ মাসের অর্জন ৭৭%। সভাপতি মহোদয় বলেন প্রধান কার্যালয় এবং কারখানাসমূহের ডি-নথির অর্জন এবং নিষ্পত্তি ১০০% হতে হবে।

পরিচালক(উৎপাদন ও গবেষণা) জানান যে, ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে রাখার ব্যবস্থা করতে হবে। এ বিষয়টি কমিটির সকল সদস্যই যে কোন ভিজিটে এ বিষয়টি পর্যবেক্ষণ করবেন।

প্রাথমিকভাবে বাছাইকৃত ৫টি ইনোভেশন আইডিয়া সরেজমিন পরিদর্শনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়:

১. প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক
২. জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩. জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য

উক্ত কমিটি আগামী মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।

৪. **সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

৪.১ সভায় পূর্ব প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে সভার নোটিশের সাথে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পুনরায় প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.২ (ক) ৭টি ধারণার শোকেসিং টিএসপিসিএল কারখানাতে ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে শোকেসিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। শোকেসিং আয়োজনের জন্য নিম্নোক্ত কমিটি সার্বিক কার্যক্রম পরিচালনা করবেন:

১। জনাব মো: শাহীন কামাল, পরিচালক (উৎপাদন ও গবেষণা) ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সভাপতি
২। প্রকৌ. সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩। প্রকৌ. সেন সুখেন চন্দ্র, ব্যবস্থাপনা পরিচালক, টিএসপি -সদস্য
৪। জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৫। জনাব মোঃ তারেক ইমরান, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, বিসিআইসি-সদস্য সচিব

বাস্তবায়নে: গঠিত কমিটি, বিসিআইসি।

(খ) শোকেসিং এর তারিখ চেয়ারম্যান(গ্রেড-১) মহোদয়ের নিকট হতে অনুমোদন নিশ্চিত করতে হবে।

৪.৩ কারখানাগুলোতে নিজস্ব ইনোভেশন শোকেসিং এর ব্যবস্থা ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে গ্রহণ করতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক, সকল কারখানা/প্রতিষ্ঠান। তদারকি: সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি।

৪.৪ সকল কারখানাসমূহকে আগামী ১৫ দিনের মধ্যে ওয়েবসাইট আপডেট করতে হবে। প্রতি দিনের আপলোডের জন্য তথ্য প্রতি দিন ওয়েবসাইটে দিতে হবে। কারখানা পর্যায়ে টেন্ডার, এনওসি, কারখানা সংশ্লিষ্ট তথ্য ওয়েবসাইটে দিতে হবে।

বাস্তবায়নে: ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী পরিচালক, সকল কারখানা/প্রতিষ্ঠান। তদারকি: সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি।

৪.৫ প্রধান কার্যালয় এবং কারখানাসমূহের ডি-নথির অর্জন এবং নিষ্পত্তি ১০০% হতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি ও ইনচার্জ, আইসিটি, সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৬। প্রাথমিকভাবে বাছাইকৃত ৫টি ইনোভেশন আইডিয়া সরেজমিন পরিদর্শনের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়:

১. প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক
২. জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩. জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য

উক্ত কমিটি কর্তৃক আগামী মার্চ, ২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে।

বাস্তবায়নে: (ক) গঠিত সাব কমিটি: ১. প্রকৌ: সুদীপ মজুমদার পিইঞ্জ, প্রধান প্রকৌশলী, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি- আহ্বায়ক
২. জনাব মোঃ মেফতাউল ইসলাম, মহাব্যবস্থাপক, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য
৩. জনাব কাজী আশরাফুল ইসলাম, মহাব্যবস্থাপক, পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি-সদস্য

(খ) সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৪.৭। ক্রিটিক্যাল সব ইকুইপমেন্ট এসওপি অনুযায়ী স্টার্ট আপ এবং সার্ট ডাউন প্রসিডিউর লেমিনেটিং করে দৃশ্যমান স্থানে রাখা হচ্ছে কিনা তা নিশ্চিত করতে হবে। এ বিষয়টি প্রধান প্রকৌশলী, বিসিআইসি, মহাব্যবস্থাপক (আরপিডি) নিশ্চিত করবেন। কমিটির সকল সদস্যই যে কোন ভিজিটে এ বিষয়টি পর্যবেক্ষণ করবেন ।

বাস্তবায়নে: (ক) ১. প্রধান প্রকৌশলী(এমটিএস), বিসিআইসি।
২. মহাব্যবস্থাপক (আরপিডি), বিসিআইসি।
৩. মহাব্যবস্থাপক (উৎপাদন), বিসিআইসি।
(খ) সদস্য-সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শাহ্ মোমিন)
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
বিসিআইসি।